# জাগোনারী

**আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা**

**CARE-ALERT (Community Action for Resilience & Early Triggers) শীর্ষক প্রকল্পের আওতায় রাস্তা মেরামত,সাইক্লোন শেল্টার মেরামত,হাইজিন কিট ও অনান্য পন্যসামগ্রী সরবরাহের জন্য**

# টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা জেলায় কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় জাগোনারী বাস্তাবায়িত CARE-ALERT (Community Action for Resilience & Early Triggers) শীর্ষক প্রকল্পের আওতায় রাস্তা মেরামত,সাইক্লোন শেল্টার মেরামত,হাইজিন কিট ও অনান্য পন্যসামগ্রী সরবরাহের জন্য আগ্রহী সংশ্লিষ্ট সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| টেন্ডার রেফারেন্স | : | জানা/বর/জাগোনারী কেয়ার এলার্ট-টেন্ডার/ ওটিএম / জানুয়ারি ২০২৬ (০৪) |
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ১১ জানুয়ারি ২০২৬ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | ২০ জানুয়ারি ২০২৬ খ্রি. |
| দরপত্র উন্মুক্তকরণের তারিখ | : | ২২ জানুয়ারি ২০২৬ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা<br>দরপত্র উন্মুক্তকরণের সময়ে সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। |
| যে ভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | বিডিজবসে দেয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা ও জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল,কদম আলী মৃধা ভবন,৩ নং ওয়ার্ড কলাপাড়া ,পটুয়াখালী থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়ন পত্র ও পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে সাইক্লোন শেল্টার ও লিংক রোড এর জন্য ঠিকাদারি লাইসেন্স এবং হাইজিন কিটস ও অনান্ন উপকরেনর জন্য সরবরাহকারী লাইসেন্স আবশ্যক।

২. **Annexure -1.1** এর ক্ষেত্রে সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের কমপক্ষে ১৫ লক্ষ টাকা মূল্যের পন্য/মালামাল/উপকরণ সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে। **Annexure -1.2 &1.3** এর ক্ষেত্রে নির্মান বা সংস্কার কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

৩. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

৪. দরপত্রের সাথে সরবরাহ কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;

৫. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য দরপত্রে উল্লেখ থাকতে হবে;

৬. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা অথবা জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল,কদম আলী মৃধা ভবন,৩ নং ওয়ার্ড কলাপাড়া ,পটুয়াখালী - এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;**

৭. **Annexure-1.1-1.3:** Price Quotation Form ও **Annexure** -Y: Application Form প্রতিষ্ঠানের অফিসিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্র দাখিল করতে হবে।

JAGONARI
জাগোনারী

৮. **Annexure 1.1 :** উপকরনের ক্ষেত্রে শুধুমাত্র দেশের সনামধন্য ব্র্যান্ডের নাম উল্লেখ করতে হবে।

৯. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিস্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন;

১০. দরপত্র জমা দেয়ার শেষ তারিখ  শেষ হলে জাগোনারী'র ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

**গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. **Annexure 1.1** এর ক্ষেত্রে নিম্মলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৫০ | |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও হালনাগাদ আয়কর রিটান) | ২০ | |
| অভিজ্ঞতা (সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও সরবরাহ কাজের টাকার পরিমান বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে) | ১০ | |
| পণ্যের ব্রান্ড ভ্যালু | ১০ | |
| মোট | ১০০ | |

২. **Annexure -1.2 & 1.3** এর ক্ষেত্রে নিম্মলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৫০ | |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন) | ৩০ | |
| অভিজ্ঞতা (কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও সরবরাহ কাজের টাকার পরিমান বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে) | ১০ | |
| মোট | ১০০ | |

৩. স্কোরিং, প্রাক্কলিত বাজেটসহ সার্বিক দিক বিবেচনা করে চুড়ান্তভাবে সরবরাহকারী প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

৪. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**ঘ. (I) উপকরন/মালামাল/পন্যসামগ্রী সরবরাহের নিয়ামাবলী: Annexure- 1.1 এর ক্ষেত্রে:**

১. সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ/মালামাল/পণ্যসামগ্রী কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল,কদম আলী মৃধা ভবন,৩ নং ওয়ার্ড কলাপাড়া,পটুয়াখালী পৌঁছে দিবেন;

২. সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ/ক্রয় আদেশ প্রদানের ৭ কর্মদিবসের মধ্যে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী মালামাল সরবরাহ করতে হবে।

৩. অনিবার্য কারণ বশত: নির্ধারিত সময়ের মধ্যে চাহিদেয় উপকরণ/পন্যসামগ্রী পৌঁছাতে ব্যর্থ হলে বিলম্বজনিত সরবরাহের উপযুক্ত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান জাগোনারী কর্তৃপক্ষের নিকট সরবরাহের সময়সীমা বর্ধিত করার জন্য লিখিতভাবে আবেদন করতে পারবেন। এ প্রেক্ষিতে চাহিদেয় উপকরণ/পণ্য সরবরাহের বিলম্বজনিত কারণ সঠিক বলে বিবেচিত বা প্রমানিত হলে সরবরাহের সময়সীমা অনুর্ধ ০৫ কর্মদিবস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। তবে বিলম্বজনিত সরবরাহের কারণ উপযুক্ত বলে বিবেচিত না হলে উপকরণ/পণ্য সরবরাহের নির্ধারিত সময়সীমার পর প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

৪. কার্যাদেশ প্রদানের পর কোন উপকরণ/পণ্যের ব্রান্ড পরিবর্তন করতে হলে কার্যাদেশ প্রদানের ০৫ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভালো মানের উপকরণ/পণ্য সরবরাহ করতে হবে।

**(II) দরপত্র অনুযায়ী কাজ প্রদানের ক্ষেত্রে শর্তাবলী: Annexure- 1.2 & 1.3 এর ক্ষেত্রে:**

১. নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানকে জাগোনারী কর্তৃক নোটিফিকেশন এওয়ার্ড প্রদান করবে। নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান নোটিফিকেশন এওয়াড গ্রহনের পরে "জাগোনারী" নামে সিকুইরিটি মানি হিসাবে মোট মুল্যের ১০% অর্থের পে-অর্ডার জমা করবেন যাহা সন্তসজনক কাজ সমাপ্তির পর ফেরৎ যোগ্য।

২. অনিবার্য কারণ বশত: নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদনে ব্যর্থ হলে বিলম্বজনিত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান জাগোনারী কর্তৃপক্ষের নিকট সময়সীমা বর্ধিত করার জন্য লিখিতভাবে আবেদন করতে পারবেন। এ প্রেক্ষিতে বিলম্বজনিত কারণ সঠিক বলে বিবেচিত বা প্রমানিত হলে কাজের সময়সীমা আলোচনা সাপেক্ষ কর্মদিবস বর্ধিত করা যেতে পারে। তবে বিলম্বজনিত কারণ উপযুক্ত বলে বিবেচিত না হলে নির্ধারিত সময়সীমার পর প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

৩. কার্য সম্পাদনের প্রথম থেকে শেষ পর্যন্ত কোন পর্যায়েই শিশু শ্রম ব্যবহার করা যাবে না।

৪. দরপত্রের সাথে একটি **Work plan** দাখিল করতে হবে এবং **Work plan** মোতাবেক কাজ সম্পন্ন করতে হবে।

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী সরবরাহ/কার্য সম্পাদন করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;

২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

১. **Annexure 1.1** এর ক্ষেত্রে কোনরূপ ত্রুটিপূর্ণ মালামাল/উপকরন/পন্যসামগ্রী গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ণ মালামাল/উপকরণ/পন্যসামগ্রী ফেরত নিতে বাধ্য থাকবেন এবং জাগোনারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী সমপরিমান মালামাল/উপকরণ/পন্যসামগ্রী পুনরায় সরবরাহ করবেন।

**Annexure 1.2 & 1.3** এর ক্ষেত্রে কাজের গুণগত মানের কোন ধরনের ত্রুটির পরিলক্ষিত হলে সেই কাজটি বাতিল করা হবে এবং পূনরায় গুণগত মান বজায় রেখে সম্পন্ন করতে হবে।

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**

৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়;

**জ. সংযুক্তি:**

১. Annexure -1.1:Price Quotation Form for Hygiene Materials & Others Items
২. Annexure -1.2 : Price Quotation Form for school cum cyclone shelter repair
৩. Annexure -1.3 : Price Quotation Form for school cum cyclone shelter link road repair
৪. Annexure -1.4: Application Form

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: ০ :::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::